

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৪.১৯-৫২৩

তারিখঃ ৩০ আশ্বিন ১৪২৬
১৫ অক্টোবর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৩৯২২/২০১৯ মামলার ১৭.০৬.১৯ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনারের ১০.০৩.২০১৯ খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তিক্রমে নিষ্পত্তির বিষয়টি পিটিশনারকে জানিয়ে দেয়াসহ মহামান্য আদালতকে অবহিতক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি TMED কে অবহিতকরণ।

সূত্রঃ মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৩৯২২/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন নুতন বন্দর বালিকা দাখিল মাদরাসা এর জুনিয়র শিক্ষক (ইবতেদায়ী শাখা) জনাব মো: মোস্তাফিজুর রহমানকে বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক গত ২৪.০২.১৯ তারিখের নু:ব:বা:দা: মা:/২০১৯/১০(১০) সংখ্যক পত্রমূলে পেশাগত অসদাচরণ ও প্রতিষ্ঠানের স্বার্থ পরিপন্থী কাজ, মিথ্যা মামলা এবং মাদরাসার ভাবমূর্তি ক্ষুণ্ণ করায় বেসরকারি চাকুরি বিধি অনুযায়ী বিগত ২৩.০২.২০১৯ তারিখ হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হয়।

০২। পরবর্তীতে অনিয়মতান্ত্রিকভাবে চূড়ান্ত বরখাস্তকরণের বিরুদ্ধে সৃষ্ট তদন্তের দাবী করে আবেদনকারী জনাব মো: মোস্তাফিজুর রহমান কর্তৃক গত ১০.০৩.২০১৯ তারিখে চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর আবেদন করা হয়।

০৩। অত: পর উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় এবং গত ২৪.০২.২০১৯ তারিখের তর্কিত বরখাস্তদেশ বাতিল করে ফেব্রুয়ারি/২০১৯ মাস হতে অপরিশোধিত বেতনসহ পিটিশনারের মূল পদ ও অবস্থান চালু করার দাবী করে বর্ণিত প্রতিষ্ঠানের জুনিয়র শিক্ষক (ইবতেদায়ী শাখা) জনাব মো: মোস্তাফিজুর রহমান কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৯২২/২০১৯ দায়ের করা হয়।

০৪। উক্ত রিট মামলাটি গত ১৭.০৬.১৯ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়:
Pending hearing of the Rule, the respondent No. 2, Chairman, Bangladesh Madrasha Education Board, 2, Orphanage Road, Bokshibazar, Dhaka is directed to dispose of the application dated 10.03.19 filed by the petitioner (Annexure-H to the supplementary Affidavit) within 1 (one) month on receipt of this order positively.

০৫। উল্লেখ্য, উক্ত মামলায় পিটিশনারকে গত ২৪.০২.২০১৯ তারিখের তর্কিত বরখাস্তদেশ বাতিল করে কেন ফেব্রুয়ারি/২০১৯ মাস হতে অপরিশোধিত বেতনসহ পিটিশনারের মূল পদ ও অবস্থান চালু করা হবে না সেমর্মে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশে পিটিশনারের ১০.০৩.১৯ তারিখের আবেদনটি বিধিগতভাবে নিষ্পত্তি করে সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যিক।

০৬। যেহেতু উক্ত রিট মামলার ১৭.০৬.১৯ খ্রি. তারিখের আদেশে পিটিশনার কর্তৃক ১০.০৩.১৯ খ্রি. তারিখের আবেদনপত্রটি (যা চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ১০.০৩.১৯ খ্রি. তারিখের আবেদনটি চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৩৯২২/২০১৯ মামলায় গত ১৭.০৬.১৯ খ্রি. তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ১০.০৩.১৯ খ্রি. তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকিলে) অবহিতক্রমে আগামী ২৮.১০.১৯ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিয়া)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
বখশীবাজার, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।